



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
‘ইনডিজিনাস প্লান্টস ফর সাসটেইনেবল এনভায়রনমেন্ট’
শীর্ষক বার্ষিক বোটানিক্যাল সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৭ ফেব্রুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার কক্ষে আজ বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির বার্ষিক বোটানিক্যাল সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত হয়ে ‘ইনডিজিনাস প্লান্টস ফর সাসটেইনেবল এনভায়রনমেন্ট’ শীর্ষক এই সম্মেলন উদ্বোধন করেন। এ সময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, দেশের সার্বিক বোটানিক্যাল ব্যবস্থাপনায় ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে কিছু ভালো কাজ হচ্ছে। কিন্তু সরকারিভাবে আরও অনেক কিছু করার আছে। জনগণের মধ্যে বোটানিক্যাল গার্ডেনের গুরুত্ব এবং গাছাচার্য তুলে ধরতে হবে। তিনি দেশের বন বিভাগের সাথে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের যৌথ গবেষণা করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, মানুষ নিজের প্রয়োজনে ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা পূরণে ও অপরিবর্তিত নগরের জন্য অনেক মূল্যবান প্রাকৃতিক সম্পদ বিনষ্ট হচ্ছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক সময় শাল গাছের প্রাচুর্য ছিল, ছিল বিভিন্ন বন্যপ্রাণী। তিনি আক্ষেপ নিয়ে বলেন, এখন আর কোনো শাল গাছ দেখা যায় না। আমরা ধীরে ধীরে প্রকৃতি থেকে দূরে সরে যাচ্ছি। ডেকে আনছি আমার-আপনার ধ্বংস। তাই এখন একটি গাছ কাটলে দশটি গাছ লাগানোর শপথ নিতে হবে। এবং সেটা দেশীয় গাছ লাগাতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান বলেন, দেশের টেকসই উন্নয়ন ও তার ধারাবাহিকতা রক্ষায় নতুন আবিষ্কার এবং উদ্ভাবন বৈজ্ঞানিকদের নৈতিক দায়িত্ব। তিনি আশা প্রকাশ করেন, পরিবেশবান্ধব টেকসই প্রযুক্তি উদ্ভাবনে উদ্ভিদবিজ্ঞানীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ বলেন, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় দেশীয় গাছপালার ভূমিকা অপারিসীম। তিনি স্বদেশী উদ্ভিদরাজির বিলুপ্তি ঘটানোর অন্যতম কারণ হিসেবে বিদেশি অগ্রাসী বৃক্ষ বলে মন্তব্য করেন। সম্মেলনে দেশের সরকারি ও বেসরকারি বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের দুইশত প্রতিনিধি অংশগ্রহণ করেন। সম্মেলনের টেকনিক্যাল সেশনে গবেষকগণ প্রবন্ধ উপস্থাপন করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)